



তথ্যবিবরণী

নম্বর-১৬

বঙ্গবন্ধু ১ম জাতীয় জিৎকুন্ডোতে রানার্স আপ রাসিক

রাজশাহী; ১৯ শ্রাবণ (০৩ আগস্ট):

বঙ্গবন্ধু ১ম জাতীয় জিৎকুন্ডো প্রতিযোগিতায়-২০২২ রাজশাহী সিটি কর্পোরেশন (রাসিক) দল রানার আপ হয়েছে। বুধবার বিকেলে নগর ভবনে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী রাসিকের দলটি মেয়র এ.এইচ.এম খায়রুজ্জামান লিটনের সাথে সাক্ষাত করে ট্রফি হস্তান্তর করে।

এ সময় বঙ্গবন্ধু ১ম জাতীয় জিৎকুন্ডো প্রতিযোগিতায় রানার আপ হওয়ায় রাসিক দলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান সিটি মেয়র।

প্রতিযোগিতায় রাসিকের দলটি ৩টি স্বর্ণ, ৩টি রৌপ্য, ২টি ব্রোঞ্জ পদক অর্জন করে। ভারোত্তলনে পুরুষ ক্যাটাগরিতে ৭৫ কেজি ওজন শ্রেণিতে রবিউল ইসলাম ও ৬০ কেজিতে নুর মোহাম্মদ সাদ স্বর্ণ পদক লাভ করেন। ৫৫ কেজি ওজন শ্রেণিতে রিজভি হাসান রৌপ্য পদক লাভ করেন। এছাড়া ৬৫ কেজি ওজন শ্রেণিতে কামাল হাসান ও ৬০ কেজি ওজন শ্রেণিতে আল আরাফাত ব্রোঞ্জ পদক অর্জন করে।

মেয়েদের ক্যাটাগরিতে ৬৪ কেজি ওজন শ্রেণিতে ফাতেমা স্বর্ণ, ৫৬ কেজি ওজন শ্রেণিতে সাবরিনা আক্তার ও ৪৮ কেজি ওজন শ্রেণিতে মাহাফুজুর রহমান রৌপ্য পদক পান।

গত ১৬ থেকে ১৮ আগস্ট ঢাকায় শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়ামে এ প্রতিযোগিতায় অনুষ্ঠিত হয়।##

.....
তৌহিদ/সিকান্দার/রুলুল/২০২২/১৮.০০ঘ.